

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
বেসরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-০২ অধিশাখা

নং-৪৫.১৫৭.০৫৪.০০.০০.০০১.২০১৭-৩০

তারিখঃ ০৩/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেটে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক স্বাস্থ্য ও পুষ্টি খাতে সেবা প্রদানকারী বিভিন্ন বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানকে এককালীন অনুদান প্রদানের নিমিত্ত দরখাস্ত আহবান।

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থা/প্রতিষ্ঠানকে এককালীন অনুদান প্রদানের জন্য বিশেষ অনুদান খাত, ৫৯৬৫ কোডে বরাদ্দকৃত অর্থ বিতরণের নিমিত্ত বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থা/প্রতিষ্ঠান (এন.জি.ও) এর নিকট হতে সংশ্লিষ্ট সিভিল সার্জনের মাধ্যমে আবেদন পত্র আহবান করা হচ্ছে। নিম্নোক্ত শর্ত মোতাবেক আগামী ০২/১১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে (বেসরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-২) অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর আবেদন পৌঁছানোর জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ

- ১। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানকে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে অনুদানের জন্য আবেদন করতে হবে;
- ২। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের এনজিও বিষয়ক ব্যুরো অথবা সমাজ কল্যাণ অধিদপ্তর অথবা মহিলা বিষয়ক অধিদপ্তর অথবা রেজিস্ট্রার জয়েন্ট স্টক কোম্পানীজ এর নিবন্ধন থাকতে হবে;
- ৩। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের নামে ন্যূনতম ১০ (দশ) শতক জমি এবং এর উপর ১৫০০ বর্গফুটের স্থায়ী অবকাঠামো থাকতে হবে;
- ৪। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে। গঠনতন্ত্র অনুযায়ী নিয়মিত সভার/সর্বশেষ সভার কার্যবিবরণীর অনুলিপি সংযুক্ত করতে হবে;
- ৫। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের উৎস থাকতে হবে। উক্ত আয়ের স্বপক্ষে ব্যাংক হিসাব বিবরণী দাখিল করতে হবে;
- ৬। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের হিসাব কোন স্বীকৃত অডিট ফার্ম/সংস্থার মাধ্যমে অডিট করাতে হবে। সর্বশেষ অডিট রিপোর্ট সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং উক্ত প্রতিবেদনে অন্যান্য উৎস হতে প্রাপ্ত অনুদানের বিবরণী অন্তর্ভুক্ত থাকতে হবে;
- ৭। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের গত ০১ (এক) বছরের স্বাস্থ্য ও পুষ্টি খাতে গৃহীত প্রকল্প/কর্মসূচী এবং ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণী সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৮। যে জেলার সংস্থা/প্রতিষ্ঠানসমূহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে নিয়মিত অনুদান প্রাপ্তির তালিকায় অন্তর্ভুক্ত নেই সে জেলার সংস্থা/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের বিবেচনার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
- ৯। প্রত্যন্ত এলাকায় (Hard to reach area) কার্যরত/সংস্থা প্রতিষ্ঠানসমূহকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে;
- ১০। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে সরকারের স্বাস্থ্য বিষয়ক নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ কর্ম পরিকল্পনা দাখিল করতে হবে;
- ১১। প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের অনুমোদিত তালিকা সংযুক্ত করতে হবে;
- ১২। আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠান বিনামূল্যে স্বাস্থ্য সেবা ও পুষ্টি কার্যক্রম পরিচালনা সংক্রান্ত বিষয়ে সিভিল সার্জন- এর প্রত্যয়ন থাকতে হবে;
- ১৩। স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি থাকতে হবে;
- ১৪। অনুদানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারী অর্থ ব্যবহার সংক্রান্ত আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে পালন করতে হবে;

(অপর পাতা সদয় দ্রষ্টব্য)

- ১৫। বিনামূল্যে ও স্বল্পমূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করতে হবে;
  - ১৬। হাসপাতাল প্রতিষ্ঠান ব্যতিত অন্যান্য ক্ষেত্রে বিশেষতঃ স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান/এনজিওদের অনুদান প্রাপ্তির ক্ষেত্রে কর্ম এলাকায় কার্যক্রমের সময়কাল, সম্ভাব্য উপকারভোগীদের সংখ্যা ইত্যাদি তথ্যাদি বিষয়ে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;
  - ১৭। হাসপাতালের অনুকূলে অনুদান প্রাপ্তির ক্ষেত্রে হাসপাতালে ন্যূনতম ০৩ (তিন) জন এম.বি.বি.এস ডিগ্রীধারী চিকিৎসক ও প্রয়োজনীয় সংখ্যক সহায়ক জনবল কর্মরত থাকতে হবে;
  - ১৮। হাসপাতালের ক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হাসপাতাল পরিচালনার অনুমতিপত্র/লাইসেন্স থাকতে হবে;
  - ১৯। অনুদানের অর্থ যথাযথভাবে ব্যবহার না করা হলে অনুদান প্রদান স্থগিত করা হবে;
  - ২০। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন করার এখতিয়ার সংরক্ষণ করে।
- ২। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র অনুদান প্রদানের ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

শ্রী  
(দিলসাদ বেগম)  
উপসচিব  
ফোন-৯৫৪৯১৯২

সিভিল সার্জন  
সকল জেলা, .....

যে সকল বেসরকারী প্রতিষ্ঠান তার এখতিয়ারাধীন এলাকায় স্বাস্থ্য সেবা/পুষ্টি কার্যক্রম পরিচালিত করে কেবলমাত্র সে সকল প্রতিষ্ঠানের আবেদন বিজ্ঞপ্তির আলোকে পর্যালোচনা পূর্বক অগ্রায়ন করবেন।

নং-৪৫.১৫৭.০৫৪.০০.০০.০০১.২০১৭-৩০/১(৮)

তারিখঃ ০৩/১০/২০১৭ খ্রিঃ

অনুলিপি (কার্যার্থে):

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপ-সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। যুগ্মসচিব (স্বাস্থ্য ব্যবস্থাপনা ও মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(দিলসাদ বেগম)  
উপসচিব